


বিশেষ বিজ্ঞপ্তি

পবিত্র ঈদ-উল-আযহা ২০১৭ উপলক্ষে বাংলাদেশ টেলিভিশন ০২ (দুই)টি টেলিফিল্ম - প্রতিটির ব্যাপ্তি ১ ঘন্টা ২০ মিনিট, ০৩ (তিন)টি নাটক - প্রতিটির ব্যাপ্তি ৫০ মিনিট, ০২ (দুই)টি সঙ্গীতানুষ্ঠান - প্রতিটির ব্যাপ্তি ২৫ মিনিট, ০১ (এক)টি ম্যাগাজিন অনুষ্ঠান ব্যাপ্তি ৬০ মিনিট, ০৩ (তিন)টি চলচ্চিত্রের গানের অনুষ্ঠান - প্রতিটির ব্যাপ্তি ২৫ মিনিট এবং ০৫ (পাঁচ)টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র প্যাকেজ নীতিমালায় প্রচারের পরিকল্পনা গ্রহণ করেছে। আগামী ১০.০৮.২০১৭ তারিখ বৃহস্পতিবার পর্যন্ত অফিস সময়ের মধ্যে আগ্রহী প্যাকেজ নির্মাতাগণকে বর্ণিত অনুষ্ঠানসমূহ রামপুরাস্থ বাংলাদেশ টেলিভিশনের প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক (প্রশাসন)-এর দপ্তরে ডিভিক্যাম ক্যাসেটে জমা দেয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

প্রিভিউ কমিটি কর্তৃক অবলোকনকৃত অনুষ্ঠানসমূহ প্রচারের জন্য বিবেচিত হওয়ার পর বিটিভির নির্ধারিত হারে বিজ্ঞাপন বুকিং দিতে হবে। প্রিভিউ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। আপিলের জন্য কোন প্রকার আবেদন গ্রহণযোগ্য হবে না। পরবর্তীতে এ সকল নাটক, টেলিফিল্ম ও অন্যান্য অনুষ্ঠান বিটিভিতে প্রচারযোগ্য বলে বিবেচিত হবে না।

নাটক, সঙ্গীতানুষ্ঠান, ম্যাগাজিন অনুষ্ঠান, ছায়াছবি গানের অনুষ্ঠান ও চলচ্চিত্রের ক্যাসেট জমা দেওয়ার সাথে নির্ধারিত আবেদন পত্রটি যথাযথভাবে স্বত্বাধিকারী কর্তৃক পূরণ ও স্বাক্ষর করে জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ (টিভি উইং)-এর অনুকূলে ১০,০০০/= (দশ হাজার) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে নির্মাতা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স ও নির্মাতার আয়কর প্রত্যয়ণ পত্রের সত্যায়িত অনুলিপি এবং নাট্যকার ও পরিচালকের জীবন বৃত্তান্ত সংযুক্ত করতে হবে।

অনুষ্ঠানের নির্মাণশৈলী ও মানের ক্রমানুসারে প্রিভিউ কমিটি প্রচারের দিন ও সময় নির্ধারণ করবে। অনুষ্ঠান গ্রহণ, প্রচার কিংবা বাতিলের সকল ক্ষমতা বাংলাদেশ টেলিভিশন সংরক্ষণ করে।


 সুরজ কুমার সরকার
 উপ-সহপরিচালক (অনুষ্ঠান)
 বাংলাদেশ টেলিভিশন
 রামপুরা, ঢাকা।

আদেশক্রমে
কর্তৃপক্ষ